MAR. 04 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় বৈষম্যের সীমা নেই

## —আইসিপি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ কেন্দ্রীয় সভাপতি হাফেজ গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক এস এম আবু তাহের ও সাংগঠনিক সম্পাদক হাফেজ মোঃ বেলাল হোসাইন ভুঁইয়া এক যুক্ত বিবৃতিতে বলেছেন, একই দেশে দুটি শিক্ষা ব্যবস্থা চালু থাকা সত্ত্বেও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় সাধারণ শিক্ষা ব্যবস্থার তুলনায় বৈষম্যের কোন সীমা নেই। অথচ মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা এ দেশেরই সন্তান। তবে তাদের দোষ কি কোরআন-হাদীস, উসুল, ফেকার, সাথে সাথে সকল সাধারণ বিষয়াবলীর শিক্ষায় শিক্ষিত হওয়া। নেতৃবৃন্দ ঢাকা অথবা গাজীপুর জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিকটবর্তী স্থানে আরবী ইসলামী বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানান। এছাড়া আইসিপি জাতীয় সাত দফা দাবী মেনে নেয়ার জন্য প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের প্রতি জোর দাবী জানান। আইসিপির সাত দফা দাবীসমূহ নিম্নরূপ ঃ অনতিবিলম্বে মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক অধিদপ্তর গঠন করতে হবে। দেশে মঞ্জুরিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার বেতন-ভাতা দান করে বেসরকারী রেজিস্ট্রার প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় সকল সুযোগ-সুবিধা দিতে হবে। বিশেষ করে ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই-পুস্তক শিক্ষা উপকরণ দিতে হবে। শিক্ষা বৃত্তি, চাকরির সর্বস্তরে ফাজিলকে স্নাতক এবং কামিলকে স্নাতকোত্তর মান দান সুনিশ্চিত করতে হবে। প্রতিটি সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ডের অধীনে একটি করে আলিয়া মাদ্রাসা স্থাপন করতে হবে। দেশের সকল সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মাদ্রাসা শিক্ষকদের বেতন স্কেলের ৫০% বাড়ী ভাড়াসহ অন্যান্য সকল সুবিধা দিতে হবে এবং প্রতিটি জেলায় একটি করে মাদ্রাসা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করতে হবে ইত্যাদি।